



২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও ২ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ৭১৫



সংগৃহীত ছবি

দেশে ডেঙ্গু পরিস্থিতি অব্যাহতভাবে অবনতির দিকে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে দুইজনের মৃত্যু হয়েছে এবং নতুন করে ৭১৫ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন।

দেশে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়ছে প্রতিদিন। গত ২৪ ঘণ্টায় এই মশাবাহিত রোগে আক্রান্ত হয়ে আরও দুজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২১৭ জনে। একই সময়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ৭১৫ জন রোগী।

মঙ্গলবার (৭ অক্টোবর) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রতিবেদন অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্তদের মধ্যে ঢাকা বিভাগে সর্বাধিক ১৪২ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে ১৪১ জন এবং দক্ষিণ সিটি করপোরেশনে ১১৪ জন ভর্তি হয়েছেন। এছাড়া বরিশাল বিভাগে ১৩১ জন, চট্টগ্রামে ৭০ জন, খুলনায় ৪১ জন, ময়মনসিংহে ৩৪ জন, রাজশাহীতে ৩২ জন এবং রংপুর বিভাগে ১০ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন।

এ সময়ে ডেঙ্গুতে মারা যাওয়া দুইজনের মধ্যে একজন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় এবং অন্যজন ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকায় মারা গেছেন বলে স্বাস্থ্য অধিদফতর জানায়।